# ৪০তম বিসিএস (লিখিত) পরীক্ষা

<u>নার্গিস</u>

বিষয় কোড : ০০৭

নির্ধারিত সময় : ৩ ঘণ্টা

পূর্ণমান : ১০০

[প্রশ্নের মান প্রত্যেক প্রশ্নের শেষ প্রান্তে দেখানো হয়েছে]

নম্বর

**১.** নিম্নলিখিত যে-কোনো ১০টি প্রশ্নের সংক্ষিপ্ত উত্তর লিখুন : ৪ × ১০ = ৪০

ক. জলবায়ু শরণার্থী (Climate Refugee) বলতে কী বোঝায়?

খ. চতুর্থ শিল্পবিপ্লব সম্পর্কে সংক্ষেপে আলোচনা করুন।

গ. সুনীল অর্থনীতি (Blue Economy) সম্পর্কে সংক্ষেপে আলোচনা করুন।

ঘ. আন্তর্জাতিক সন্ত্রাসবাদের গতিপ্রকৃতি উল্লেখ করুন।

ঙ. বেল্ট অ্যান্ড রোড ইনিশিয়েটিভ (বিআরআই) বলতে কী বোঝায়?

চ. পররাষ্ট্রনীতিতে জনকূটনীতির গুরুত্ব কী? সংক্ষেপে ব্যাখ্যা করুন।

ছ. ভঙ্গুর রাষ্ট্র (Fragile State) ও ব্যর্থ রাষ্ট্র (Failed State)-এর মধ্যে পার্থক্য কী?

জ. দক্ষিণ চীন সাগর বিরোধের কারণসমূহ সংক্ষেপে আলোচনা করুন।

ঝ. বিশ্ব বাণিজ্য সংস্থায় বিরোধ নিষ্পত্তির ব্যবস্থা সম্পর্কে সংক্ষেপে আলোচনা করুন।

ঞ. সিডোর (CEDAW) গুরুত্ব সংক্ষিপ্তভাবে উল্লেখ করুন।

ট. ট্র্যান্সআটলান্টিক (transatlantic) সম্পর্কের গতিপ্রকৃতি সংক্ষেপে আলোচনা করুন।

ঠ. আঞ্চলিক সহযোগিতার ক্ষেত্রে ফাংশনালিজম (Functionalism) তত্ত্বের গুরুত্ব কী?

**২.** যে-কোনো তিনটি প্রশ্নের উত্তর দিন : ১৫ × ৩ = ৪৫

ক. যুক্তরাষ্ট্র ও চীনের মধ্যকার চলমান বাণিজ্য যুদ্ধ আন্তর্জাতিক বাজারে ও বিশ্ব অর্থনীতিতে কী ধরনের প্রভাব ফেলছে বিস্তারিত লিখুন।

খ. দক্ষিণ এশিয়া অঞ্চলে শান্তি ও নিরাপত্তার হুমকিসমূহ ব্যাখ্যা করুন। এ অঞ্চলে শান্তি প্রতিষ্ঠায় আপনার সুপারিশসমূহ কী কী?

গ. মধ্যপ্রাচ্যের রাজনীতিতে ইরান ও সৌদি আরবের মধ্যকার প্রতিদ্বন্দ্বিতার ফলাফল বিশ্লেষণ করুন। এ অঞ্চলে মার্কিন যুক্তরাষ্ট্র ও রাশিয়ার ভূমিকা মূল্যায়ন করুন।

ঘ. অর্থনৈতিক কূটনীতি কী? বাংলাদেশের পররাষ্ট্রনীতিতে অর্থনৈতিক কূটনীতির গুরুত্ব আলোচনা করুন। অর্থনৈতিক কূটনীতি শক্তিশালী করার জন্য বাংলাদেশ কী কী পদক্ষেপ গ্রহণ করতে পারে?

**৩.** রোহিঙ্গা সংকট মোকাবিলায় বাংলাদেশের গৃহীত নীতি ও পদক্ষেপ সারা বিশ্বে প্রশংসিত হচ্ছে এবং দেশের জন্য অনেক সুফল বয়ে আনছে। কিন্তু মিয়ানমার সরকারের আচরণের কোনো পরিবর্তন ঘটছে না। রোহিঙ্গাদের ফিরিয়ে নেওয়ার ব্যাপারে কোনো কার্যকর ভূমিকা রাখছে না। এ পরিস্থিতিতে জাতিসংঘের নিরাপত্তা পরিষদে রোহিঙ্গা বিষয়ে একটি উন্মুক্ত আলোচনায় বাংলাদেশকে আমন্ত্রণ জানানো হয়েছে। বাংলাদেশের পররাষ্ট্রমন্ত্রী এ আলোচনায় অংশ নেবেন। এ বিষয়ে বাংলাদেশ সরকারের জন্য একটি নীতিপত্র (Policy Brief) তৈরি করুন। ১৫